



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

কৃষি ও পল্লী ঋণ বিভাগ

www.krishibank.org.bd.

বিকেবি/প্রকা/কৃপবি-১৯৯(অংশ-৩)/২০২৩-২০২৪/ ৬৭৬

তারিখ : ১৪/০৫/২০২৪

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়সমূহ।  
সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।  
সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক (সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় : স্বনির্ভর ঋণ কর্মসূচির আওতায় বিতরণকৃত দীর্ঘদিনের আটকে থাকা খেলাপী ঋণসমূহ আদায় প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,


উপর্যুক্ত বিষয়ে কৃষি ও পল্লী ঋণ বিভাগের পত্র নং প্রকা/কৃপবি-১৯৯(অংশ-৩)/২০২৩-২০২৪/১২৫ তারিখ ১৭-০১-২০২৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উপরোক্ত পত্রের নির্দেশনা মোতাবেক ঋণ আদায় বিভাগের পত্র নং-প্রকা/আদায়-২(১)/২০২৩-২০২৪/১৪৮ তারিখঃ ২৯/০৮/২০২৩ এর মাধ্যমে জারিকৃত ঋণ অবলোপন নীতিমালা এবং ঋণ আদায় মহাবিভাগের পরিপত্র নং-২/২০১৮ তারিখঃ ০৬/০৮/২০২১৮ মোতাবেক সুদ মওকুফ নীতিমালার আওতায় স্বনির্ভর ঋণ কর্মসূচির শ্রেণীকৃত ঋণসমূহের অবলোপন প্রস্তাব ও সুদ মওকুফ প্রস্তাব প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হয়।

০৩। স্বনির্ভর ঋণ কর্মসূচির আওতায় বিতরণকৃত ঋণের অধিকাংশ ঋণ খেলাপী হয়ে পড়ায় উক্ত ঋণ আদায় জোরদারকরণ এবং প্রযোজ্য ক্ষেত্রে ঋণের খাত পরিবর্তন করে প্রচলিত নীতিমালা ও বিধিবিধান অনুসরণপূর্বক কৃষি ঋণ অথবা ১০/৫০/১০০ টাকার হিসাবধারীদেরকে ক্ষুদ্র ব্যবসা পরিচালনার লক্ষ্যে ঋণ প্রদান, সুদ মওকুফ, অবলোপন ও আইনি ব্যবস্থা ইত্যাদি যৌক্তিকভাবে প্রয়োগ করে স্বনির্ভর ঋণ স্থিতি ন্যূনতম পর্যায়ে নামিয়ে আনা/ঋণ হিসাব বন্ধ এবং সর্বোপরি সকল প্রকার নিয়মনীতি ও কলা কৌশল ব্যবহার করে NPL ঋণসমূহ আদায় করার কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য BKB Risk Management Unit এর সভায় মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহকে মনিটরিং ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত প্রদান করা হয়েছে।

০৪। BKB Risk Management Executive Committee (RMEC) এর ফেব্রুয়ারী/২০২৪ এর মাসিক সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক মাঠ কার্যালয়সমূহকে স্বনির্ভর ঋণ আদায় কার্যক্রম জোরদার করার পাশাপাশি স্বনির্ভর ঋণসমূহ আদায়ের জন্য স্বনির্ভর ঋণগ্রহীতাদের সুদ মওকুফ প্রস্তাব ও অবলোপন প্রস্তাব প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। বিভাগীয় প্রধান ও আঞ্চলিক প্রধানগণ স্বনির্ভর খাতে বিতরিত ঋণ আদায়ের বিষয়টি নিয়মিত পরিধারণ করবেন।

আপনার বিশ্বস্ত,

  
১৪.০৫.২০২৪  
(আবু সাঈদ মোঃ রওশানুল হক)  
মহাব্যবস্থাপক  
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

বিকেবি/প্রকা/কৃপবি-১৯৯(অংশ-৩)/২০২৩-২০২৪/৬৭৬

তারিখ ১৪/০৫/২০২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।

  
১৪/০৫/২০২৪  
(মোহাম্মদ মঈনুল ইসলাম)  
উপমহাব্যবস্থাপক